দামুড়হুদায় গলায় মাংস আটকে প্রাণ গেল ৫ম শ্রেণির এক ছাত্রীর

ঈদুল আজহার আনন্দঘন পরিবেশ মুহূর্তেই শোকের ছায়ায় ঢেকে গেল দামুড়হুদার লোকনাথপুর এলাকায়। পরিবারের সদস্যদের সঙ্গে সকালের খাবার খেতে বসে গলায় মাংস আটকে অসুস্থ হয়ে প্রাণ হারিয়েছে আঁখি
(১১) নামের এক মাদ্রাসাছাত্রী।

গতকাল বৃহস্পতিবার বেলা ১০টার দিকে লোকনাথপুর তেল পাম্প সংলগ্ন এলাকায় এ হৃদয়বিদারক ঘটনা ঘটে। নিহত আঁখি স্থানীয় ড্রাইভার আব্দুল্লাহর মেয়ে।

পরিবার সূত্রে জানা গেছে, ঈদের দিন পরিবারের সবার সঙ্গে আনন্দঘন পরিবেশে ভাত খাওয়ার সময় হঠাৎ তার গলায় মাংস আটকে যায়। এতে সে শ্বাসকষ্টে গুরুতর অসুস্থ হয়ে পড়ে। পরিবারের সদস্যরা দ্রুত তাকে হাসপাতালে নিয়ে গেলে চিকিৎসাধীন অবস্থায় বিকেল ৪টার দিকে তার মৃত্যু হয়।

একটি প্রাণচঞ্চল শিশুর এমন আকস্মিক মৃত্যুতে এলাকায় নেমে এসেছে শোকের ছায়া। স্বজনদের আহাজারিতে ভারী হয়ে ওঠে চারপাশের পরিবেশ। বিকেলেই লোকনাথপুর তেল পাম্প সংলগ্ন গোরস্থানে তার দাফন সম্পন্ন করা হয়।

নিহত আঁখি তিন ভাই-বোনের মধ্যে মেঝো ছিল। দুই বোন ও এক ভাইয়ের সংসারে তার অকাল মৃত্যু পরিবারকে গভীর শোকে স্তব্ধ করে দিয়েছে। সে লোকনাথপুর ডিএস মাদ্রাসার ৫ম শ্রেণির ছাত্রী ছিল। শান্ত ও ভদ্র স্বভাবের মেয়ে হিসেবে সবার কাছে পরিচিত ছিল আঁখি।

ঈদের দিনে এমন মর্মান্তিক ঘটনায় পুরো এলাকায় শোকের ছায়া নেমে এসেছে। স্থানীয়রা পরিবারের প্রতি গভীর সমবেদনা জানিয়েছেন।